দৈনিক
ইত্তেফাক

তারিখ 2 ১ OCT 2016 পৃষ্ঠা ৩ কলাম ৬

# ছাত্র বেতন বৃদ্ধির প্রতিবাদে সড়ক অবরোধ

## আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি পরিপত্র অমান্য করে অক্টোবর মাস থেকে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ৩টি শাখায় শিক্ষার্থী প্রতি ১৫০ টাকা বেতন বৃদ্ধি করা হয়েছে এমন অভিযোগে মানববন্ধনও বিক্ষোভ মিছিল করেছে প্রতিষ্ঠানটির অভিভাবকরা।

গতকাল সোমবার অভিভাবক ফোরামের আহ্বানে সকাল ৭ থেকে ৮ টা পর্যন্ত আইডিয়াল স্কুল মুগদা শাখার সম্মুখে অভিভাবকরা মানববন্ধন, বিক্ষোভ মিছিল করেন। পরে তারা সড়ক অবরোধ করেন। এতে অভিভাবক ফোরামের চেয়ারম্যান মোঃ জিয়াউল কবির দুলু, মুগদা শাখার অভিভাবক ফোরাম সভাপতি শওগাতুল আলম, অভিভাবক সালাউদ্দিন মামুন, আলমগীর হোসেন, হেনা বেগম, মশিউর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা বাড়তি ছাত্র বেতনের আদেশ প্রত্যাহারের জন্য কর্তৃপক্ষের নিকট দাবি জানান। একই সঙ্গে অবিলম্বে স্কুলের সভাপতি কর্তৃক অভিভাবকদের সঙ্গে মত বিনিময় সভা আয়োজনেরও দাবি জানান। এছাড়া তদন্ত কমিটি গঠন করে আইডিয়াল স্কুলের অনিয়ম ও দুর্নীতির খতিয়ান প্রকাশের দাবি জানান তারা।

অভিভাবকরা বলেন, শ্রেণিকক্ষে পাঠদান নিশ্চিত, শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ করলেই আগামী জানুয়ারি থেকে কেবল বাড়তি বেতন দেওয়া যেতে পারে। বাড়তি বেতনের আদেশ ২৪ ঘণ্টার মধ্যে প্রত্যাহার না করলে কঠোর কর্মসূচি ঘোষণা করার হুঁশিয়ারি দেন অভিভাবকরা।